# ফতওয়া নং ৩৪৯

## প্রশ্নঃ

সম্মানিত শায়েখ আমার প্রশ্ন হলো, আমাদের গ্রামে মসজিদের সামনে একটি জায়গা আছে যেটা আমরা গ্রামবাসীরা ঈদগাহ ময়দান করার জন্য জায়গা মালিক এর সাথে মৌখিক চুক্তি হয়ে ছিলো **5.5** লাখে। জায়গা মালিক আমাদেরকে না জানিয়ে অন্যত্র **7.3** লাখে বিক্রি করে দিয়েছে, আমরা গ্রামবাসীরা জানার পরে যিনি জায়গাটি কিনেছেন তাঁর কাছে গিয়ে অনেক রিকোয়েস্ট করেছি যে ওনার যা খরচ হয়েছে তা আমরা দিয়ে দেবো এটি গ্রাম বা মসজিদের স্বার্থে দিয়ে দিক। সেই লোক রাজি না হওয়ায় আমরা গ্রামবাসীরা দখল ছাড়িনি। এখন আমরা জানতে চাই ওই জায়গায় ঈদের নামায আদায় করা যাবে কি? অনেক পূর্বে থেকে ওই জায়গার কিছু অংশে আমরা নামায আদায় করতাম মসজিদের সামনে হওয়ায় কারণে যেহেতু মাসজিদে লোক ধরে না ।

## উত্তর:

জমিটির মালিক ও আপনাদের মাঝে যদি জমিটির ক্রয়-বিক্রয়ের চুক্তি (ঈজাব-কবুলের মাধ্যমে) পরিপূর্ণ হয়ে গিয়ে থাকে তাহলে অন্যের কাছে পুনরায় বিক্রি করার অধিকার মালিকের ছিলনা। এমতাবস্থায় উক্ত ব্যক্তির কাছে বিক্রি করা শুদ্ধ হয়নি। শরীয়াতের দৃষ্টিতে আপনাদের অধিকার আছে উক্ত জমি নিয়ে নেওয়ার। আর যদি মালিক ও আপনাদের মাঝে নিয়মতান্ত্রিক ভাবে ক্রয়-বিক্রয়ের চুক্তি পরিপূর্ণ না হয়ে থাকে, শুধুমাত্র মালিক আপনাদের কাছে বিক্রি করবে বলে অঙ্গিকার করেছিল মাত্র, তাহলে ওয়াদা ভঙ্গের জন্য দায়ী হলেও তার অন্যত্র বিক্রি করা শুদ্ধ হয়েছে। এমতাবস্থায় উক্ত ক্রেতার সম্মতি ছাড়া আপনাদের নেওয়ার অধিকার নেই। (জামিউল ফাতাওয়া ৬/৩৩৪)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ,জামিয়া নু'মানিয়া।
২৯ শে রমাযান, ১৪৪৫ হিজরী **(09/04/2024)**